দৈনিক জনকণ্ঠ

২৪

# বেসরকারী মাধ্যমিক শিক্ষক-কর্মচারীদের টাইমস্কেল সমস্যার সমাধান চাই

বেসরকারী মাধ্যমিক শিক্ষক-কর্মচারীদের দীর্ঘদিনের দাবি টাইমস্কেল সরকার সম্প্রতি প্রদান করেছে। যেসব শিক্ষক-কর্মচারী একই বেতনস্কেলে ন্যূনতম ৮ বছর সন্তোষজনকভাবে চাকরি করেছেন, তাঁদের তথ্যবিবরণী নির্ধারিত ছকে প্রদানের জন্য প্রত্যেক জেলা শিক্ষা অফিসারকে, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বাংলাদেশের স্মারক নং ওএম-২৯৫/ম-৯৫/৪৭৪৮/৬৪-ম, ১৪-৩-৯৫ইং মূলে নির্দেশ দেয়া হয়। ফলে বিধি মোতাবেক যাঁরা টাইমস্কেল প্রাপ্তির আওতায় পড়েছেন, নির্ধারিত ছকে তাঁদের তথ্য বিবরণী প্রত্যেক স্কুল থেকে বিগত মার্চ '৯৫ যথারীতি প্রেরণ করা হয়। ফলে দীর্ঘদিনের প্রতীক্ষার পর চলতি জুলাই মাসে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের বিগত জুলাই '৯৪ থেকে টাইমস্কেল বাবদ বকেয়াসহ মে '৯৫ সালের সরকারী বেতন প্রদান করা হয়েছে। কিন্তু পরিতাপের বিষয়, বিধিমোতাবেক টাইমস্কেল পাওয়ার দাবিদার যেসব শিক্ষক-কর্মচারী তাদের অনেকেই টাইমস্কেল পাননি। পক্ষান্তরে, টাইমস্কেল প্রাপ্তির সময়সীমা যাদের পূর্ণ হয়নি বা যাদের নাম প্রেরিত তালিকার অন্তর্ভুক্ত হয়নি, তাদের অনেককেই টাইমস্কেল প্রদান করা হয়েছে। ফলে বঞ্চিত শিক্ষক-কর্মচারীদের মনে হতাশা ও বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। অনেকেই টাইমস্কেল পাওয়ার জন্য ইতোমধ্যেই ব্যক্তিগতভাবে চেষ্টা শুরু করে দিয়েছেন। তাই জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে প্রত্যেক স্কুল থেকে বিবরণী তালিকার অন্তর্ভুক্ত সব শিক্ষক-কর্মচারীকে বিধিমোতাবেক যথাশীঘ্র টাইমস্কেল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে বিনীত অনুরোধ জানাচ্ছি।

**মোঃ আবদুর রহমান**
সাধারণ সম্পাদক,
বাংলাদেশ শিক্ষক সমিতি,
কিশোরগঞ্জ জেলা শাখা।